

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর(এইচইডি)
প্রধান প্রকৌশলীর কার্যালয়
১০৫-১০৬, মতিঝিল বা/এ, ঢাকা।


স্মারক নং-এইচইডি/প্রশাঃ/ব্যঃ নথি-২৮/৮৪/

তারিখ : ২৪/০৪/২০১৯

প্রজ্ঞাপন

১। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের নির্মাণ অধিশাখার প্রজ্ঞাপন নং-৪৫.০০.০০০০.১৫৬.০৮.০৪২.১৮-১৭১, তারিখ : ১৫/০৪/২০১৯ এর মাধ্যমে স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচইডি), সার্কেল-৪, খুলনা কার্যালয়ে কর্মরত তত্ত্বাবধায়ক প্রকৌশলী জনাব এ.এফ.এম আরিফুল করিম-কে কানাডায় তাঁর কন্যার সন্তান প্রসবকালীন সময়ে পাশে থাকার জন্য ১৫/০৪/২০১৯ তারিখ হতে ১৪/০৫/২০১৯ তারিখ পর্যন্ত অথবা ছুটি ভোগের তারিখ হতে ৩০ (ত্রিশ) দিন বহিঃ বাংলাদেশ অর্জিত ছুটি কতিপয় শর্ত সাপেক্ষে মঞ্জুর করা হয়। তিনি উক্ত ছুটি আগামী ২৯/০৪/২০১৯ তারিখ হতে ভোগসহ দেশ ত্যাগের অনুমতি এবং আগামী ১২/০৫/২০১৯ তারিখে দেশে ফেরত আসবেন বলে আবেদন করেছেন। তদানুযায়ী তাঁকে উক্ত প্রজ্ঞাপনের শর্তাদি ও তাঁর আবেদনে উল্লেখিত তথ্যাদি পালন সাপেক্ষে আগামী ২৯/০৪/২০১৯ তারিখ হতে ছুটি ভোগসহ দেশ ত্যাগের অনুমতি প্রদান করা হলো।

২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী জনাব এ.এফ.এম আরিফুল করিম ছুটিতে থাকাকালীন তাঁর দায়িত্ব এইচইডি, সার্কেল-৩, রাজশাহী (বগুড়া) কার্যালয়ে কর্মরত তত্ত্বাবধায়ক প্রকৌশলী জনাব মোঃ আব্দুল হামিদ নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে পালন করবেন।


ব্রিগেডিয়ার জেনারেল এম এ মোহী, পিএসসি
প্রধান প্রকৌশলী।

স্মারক নং-এইচইডি/প্রশাঃ/ওয়ার্কশপ/২৪২/২০১৫/




তারিখ : ২৪/০৪/২০১৯

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। মহাপরিচালক, বহিঃ গমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
- ২। জনাব এ.এফ.এম আরিফুল করিম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
এইচইডি, সার্কেল-৪, খুলনা
(এইচইডি, সার্কেল-৫, বরিশাল এর অতিঃ দাঃ)।
তিনি তাঁর দায়িত্বভার এইচইডি, সার্কেল-৩, রাজশাহী (বগুড়া) কার্যালয়ে কর্মরত তত্ত্বাবধায়ক প্রকৌশলী জনাব মোঃ আব্দুল হামিদ এর নিকট হস্তান্তর পূর্বক কর্মস্থল ত্যাগ করবেন।
- ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এইচইডি, সার্কেল-৩, রাজশাহী (বগুড়া)।
- ৪। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, খুলনা বিভাগ।
- ৫। নির্বাহী প্রকৌশলী, এইচইডি, বিভাগ।
- ৬। ইমিগ্রেশন অফিসার, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, কুর্মিটোলা, ঢাকা।

অবগতির জন্য অনুলিপি প্রেরণ :

- ১। সিনিয়র সহকারী সচিব, নির্মাণ শাখা, স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (উন্নয়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা,
স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


ব্রিগেডিয়ার জেনারেল এম এ মোহী, পিএসসি
প্রধান প্রকৌশলী